

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০

( ২০১০ সনের ৭ নং আইন )

দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করিবার লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রতিষ্ঠার বিধানকল্পে প্রণীত আইন।

যেহেতু দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করিবার লক্ষ্যে একটি নভোথিয়েটার প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত  
শিরোনাম,  
প্রয়োগ ও  
প্রবর্তন**

- ১। (১) এই আইন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০ নামে অভিহিত হইবে।
- (২) ইহা সমগ্র বাংলাদেশের জন্য প্রযোজ্য হইবে।
- (৩) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

- ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-
- (১) "তহবিল" অর্থ নভোথিয়েটার এর তহবিল;
- (২) "নভোথিয়েটার" অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার;
- (৩) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
- (৪) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (৫) "বোর্ড" অর্থ নভোথিয়েটারের পরিচালনা বোর্ড;
- (৬) "মহাপরিচালক" অর্থ নভোথিয়েটারের মহাপরিচালক;
- (৭) "সদস্য" অর্থ পরিচালনা বোর্ডের সদস্য; এবং
- (৮) "সভাপতি" অর্থ পরিচালনা বোর্ডের সভাপতি।

**নভোথিয়েটার  
প্রতিষ্ঠা**

- ৩। (১) ঢাকা আধুনিক নভোথিয়েটার প্রকল্পের অধীন প্রতিষ্ঠিত নভোথিয়েটার এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার নামে প্রতিষ্ঠিত বলিয়া গণ্য হইবে।

(২) নভোথিয়েটার একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী

ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও বিধি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং উহা হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহার নামে উহা মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

### নভোথিয়েটারের প্রধান কার্যালয়

৪। নভোথিয়েটারের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে দেশের যে কোন স্থানে নভোথিয়েটারের শাখা ও কার্যালয় স্থাপন করা যাইবে।

### পরিচালনা ও প্রশাসন

৫। (১) নভোথিয়েটার পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং নভোথিয়েটার যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) নভোথিয়েটার উহার কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত নীতি অনুসরণ করিবে।

### পরিচালনা বোর্ড

৬। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত ১৩ (তের) জন সদস্য সমন্বয়ে নভোথিয়েটারের একটি পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা :-

(ক) বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) অর্থ বিভাগ এর একজন যুগ্ম-সচিব;

(গ) সংস্থাপন মন্ত্রণালয় এর একজন যুগ্ম-সচিব;

(ঘ) বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব;

(ঙ) বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের চেয়ারম্যান;

(চ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান;

(ছ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক;

(জ) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর চেয়ারম্যান;

(ঝ) সরকার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক;

৩(তিন)জন ব্যক্তি; এবং

(ট) নভোথিয়েটারের মহাপরিচালক, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে, যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে উক্তরূপ মনোনীত কোন সদস্যকে তাহার পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, কোন মনোনীত সদস্য সরকারের উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন।

**নভোথিয়েটারের কার্যাবলী** ৭। নভোথিয়েটারের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :-

(ক) মহাকাশ বিষয়ক প্রদর্শনী পরিচালনা, প্রদর্শনীর যন্ত্রপাতি সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ করা;

(খ) মহাকাশ বিষয়ক গবেষণার মাধ্যমে নভোথিয়েটারকে Centre of Excellence এ পরিণত করা;

(গ) বিভিন্ন সায়েন্টিফিক এক্সিবিটস এর বৈজ্ঞানিক দিকসমূহ জনগণের কাছে সহজবোধ্যভাবে উপস্থাপন এবং তাহাদের বিজ্ঞান শিক্ষায় আগ্রহী করা;

(ঘ) Astrovision Show এবং Film আধুনিকায়ন, পরিবর্তন ও যুগোপযোগী করা;

(ঙ) জ্যোতির্বিজ্ঞানের নূতন নূতন তথ্য ও চিত্র সংগ্রহ ও সংরক্ষণ করা এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করিয়া দেশের জনগণ তথা দেশের ছাত্র সমাজকে অবহিত করা;

(চ) সায়েন্টিফিক লাইব্রেরী স্থাপন করিয়া জ্যোতির্বিজ্ঞান বিষয়ক বিভিন্ন তথ্য ও চিত্র, সাময়িকী, বই-পুস্তক সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা করা;

(ছ) নভোথিয়েটারের যাবতীয় কর্মকাল্ড সম্পর্কে পত্র-পত্রিকা, রেডিও, টেলিভিশন ও অন্যান্য মিডিয়ার মাধ্যমে জনগণকে অবহিত ও আকৃষ্ট করা এবং ব্রশিউর (Brochure), লিফলেট ও বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ নেটওয়ার্ক গড়িয়া তোলা;

(জ) স্পেস রাইড সিমুলেটর, থ্রি-ডি মুভি এবং অন্যান্য অত্যাধুনিক যন্ত্রপাতি বা সরঞ্জামের মাধ্যমে বিজ্ঞানভিত্তিক ও জ্ঞানবিকাশে সহায়ক সুস্থ বিনোদনের ব্যবস্থা করা;